স্মারক নং: বিজিএ/এমআইএস/২০২৬/৬২৪ **তারিখ:** ২৬ নভেম্বর ২০২৬ ইং

সম্মানিত সকল সদস্যদের জন্য

বিষয়: শ্রমিক অসন্তোষের কারণে তৈরি পোশাক শিল্পে সংঘটিত ক্ষয়ক্ষতি বিবরণ প্রেরণের জন্য অনুরোধ।

প্রিয় মহোদয়,

সাম্প্রতিক সময়ে শ্রমিক অসন্তোষের কারণে তৈরি পোশাক শিল্পের বিভিন্ন কারখানার স্বাভাবিক উৎপাদন কার্যক্রম ও রপ্তানি প্রক্রিয়া ব্যাহত হয়েছে।

এ প্রেক্ষাপটে, ০১ থেকে ২৬ নভেম্বর ২০২৬ সময়কালে শ্রমিক অসন্তোষের কারণে তৈরি পোশাক শিল্পে সংঘটিত উৎপাদন ব্যাহত হওয়া, আর্থিক ক্ষতি, রপ্তানি আদেশ বাতিল বা স্থগিত হওয়া, অতিরিক্ত ব্যয় এবং সম্পদের ক্ষয়ক্ষতির প্রকৃত চিত্র নিরূপণের লক্ষ্যে বিজিএমইএ একটি জরিপ পরিচালনার উদ্যোগ গ্রহণ করেছে।

উক্ত জরিপের মাধ্যমে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে শিল্পের সামগ্রিক ক্ষয়ক্ষতি মূল্যায়ন, প্রয়োজনীয় নীতিগত সহায়তার সুপারিশ প্রণয়ন এবং সংশ্লিষ্ট সরকারি কর্তৃপক্ষ ও অংশীজনদের সঙ্গে কার্যকর আলোচনা করা সহজ হবে।

এমতাবস্থায়, বিজিএমইএ'র সকল সদস্য প্রতিষ্ঠানকে নিম্নোক্ত ফর্মের মাধ্যমে প্রয়োজনীয় তথ্য যথাযথভাবে পূরণ করে আগামী ২৯ নভেম্বর ২০২৬ ইং তারিখের মধ্যে প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

ইতঃপূর্বে ১ নভেম্বর থেকে ১৮ নভেম্বর ২০২৬ পর্যন্ত পরিচালিত জরিপে যারা অংশগ্রহণ করেছেন, তাঁদেরকেও বর্তমান জরিপে পুনরায় অংশগ্রহণ করার জন্য বিশেষভাবে অনুরোধ জানানো যাচ্ছে।

জরিপ ফর্মের লিংক:
https://forms.gle/UEzU5XWonTAJX77W7

এ বিষয়ে আপনাদের আন্তরিক সহযোগিতা একান্তভাবে কাম্য।

ধন্যবাদান্তে,

মেজর জেনারেল ড. মোঃ সাহেদুল ইসলাম (অবঃ)
মহা-সচিব, বিজিএমইএ

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি
• বাংলাদেশে তৈরি •

BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | Hotline: +88 017 3044 2211 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
Regional Office: BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org